

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষ, বহু আহত, অভিযোগ ছাত্রলীগ ও বহিরাগতের বিরুদ্ধে

প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়

: সোমবার, ১৫ জুলাই ২০২৪



কোটা সংস্কার আন্দোলনকারীদের সঙ্গে ছাত্রলীগের দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়া, সংঘর্ষের ঘটনা ঘটেছে।

কোটা সংস্কারের পক্ষের শিক্ষার্থীদের অভিযোগ, দেশীয় ‘অস্ত্রশস্ত্র’ নিয়ে হামলা চালাচ্ছে ‘ছাত্রলীগের নেতা-কর্মীরা’। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের হলপাড়া, মলচত্বর, ভিসি চত্বর, ফুলার রোড এলাকায় দফায় দফায় হামলার পর চানখারপুল-কার্জন হল এলাকায় থেমে থেমে সংঘর্ষ চলছিলো।

আন্দোলনরত শিক্ষার্থীরা আহতদের নিয়ে ঢাকা মেডিকেল কলেজের ইমারজেন্সিতে যাওয়ার সময়ও তাদের উপর হামলা চালানো হয় বলে অভিযোগ।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, ছাত্রলীগের নেতা-কর্মীরা কার্জন হল, দোয়েল চত্বর এলাকায় অন্তত নয়টি কক্টেল বিস্ফোরণ ঘটায়।

শেষ খবর পাওয়া পর্যন্ত আন্দোলনকারীদের অন্তত দুই শতাধিক শিক্ষার্থী গুরুতর আহত হন। ছাত্রলীগের ধাওয়ায় আন্দোলনকারীরা ক্যাম্পাসের বিভিন্ন স্পটে অবরুদ্ধ হয়ে পড়েন। সেখানে গিয়েও তাদের উপর হামলা করে ছাত্রলীগ। পরে সাংবাদিকদের উপস্থিতিতে তাদের বিভিন্ন স্পট থেকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়।

আন্দোলনকারীদের সমন্বয়ক নাহিদ হাসান অভিযোগ করেন, ‘ছাত্রলীগ তাদের ভাড়া করা টোকাই, হেলমেট বাহিনী দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছেলেমেয়েদের উপর নারকীয় তাঙ্গৰ চালিয়েছে। আমাদের বোনদের পিটিয়েছে টোকাইদের দিয়ো সাথে অন্যান্য অনেক প্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও ছিল। এখন শহীদুল্লাহ হলে চলছে রাবার বুলেট, ককটেল, টিয়ারশেল দিয়ে হামলা। শতশত শিক্ষার্থী রক্তান্ত্র হয়েছে।’